দৈনিক জনকণ্ঠ

7

তারিখ 14 DEC 1998
পৃষ্ঠা ৮ কলাম ৭

# চট্টগ্রামে দিনদুপুরে ছাত্রলীগের সাবেক নেতা নাসিমকে গুলি করে হত্যা

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** রবিবার দুপুরে নগরীর পাহাড়তলী এলাকায় একদল অস্ত্রধারী গুলি করে হত্যা করেছে সাবেক ছাত্রলীগ নেতা নাসিম উদ্দিন খানকে (৩৩)। তিনি ছাত্রলীগ পাহাড়তলী থানা শাখার সাবেক সভাপতি। বেলা ১টার দিকে প্রকাশ্য দিবালোকে লোমহর্ষক এ ঘটনাটি ঘটে। ৪/৫ জন অস্ত্রধারী সন্ত্রাসী নাসিমকে সবুজবাগ এলাকায় টার্গেট করে ধাওয়া করে। নাসিম অবস্থা বেগতিক দেখে প্রাণভয়ে দৌড়াতে থাকেন। সন্ত্রাসীরাও তাঁর পিছু নেয়। অর্ধকিলোমিটারেরও বেশি পথ দৌড়ে নাসিম পাহাড়তলী হাক্কানী পেট্রোল পাম্পের সামনে জনৈক আবদুস সালাম মুন্সির বাড়িতে (মওলানা বাড়ি) ঢুকে পড়েন। পাশাপাশি সন্ত্রাসীরা উক্ত বাড়িতে প্রবেশ করে নাসিমকে প্রথমে কিরিচ দিয়ে কোপাতে থাকে। এক পর্যায়ে নাসিমের চোয়ালে অস্ত্র ঠেকিয়ে গুলি করা হয়। ঘটনাস্থলেই প্রাণ হারায় নাসিম।

এলাকাবাসী সূত্রে জানানো হয়, ছাত্রলীগের অন্তর্কোন্দলের জের হিসাবে এ হত্যাকাণ্ড ঘটেছে। পুলিশের সন্ত্রাসী তালিকায় নাসিমের নামও রয়েছে। একটি হত্যাকাণ্ডের আসামী হয়ে গ্রেফতার হয় এবং বর্তমানে জামিনে ছিলেন।

ঘটনার পর অভিযান চালিয়ে পুলিশ সন্দেহজনক ২ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত মানিক ও আজাদ নামের এ দু'ছাত্রলীগ কর্মীকে হালিশহর 'বি-ব্লক' এলাকা থেকে ধরতে গিয়ে তারা পুলিশের সাথে গুলিবিনিময়ে লিপ্ত হয়। পুলিশও গুলি চালালে ২ জনই আহত হয়। আহত অবস্থায় এরা ধরা পড়ে।